

২০২২

বাংলা - সাম্মানিক

প্রথম সেমেস্টার

পত্র : CC-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) উচ্চারণস্থান ও উচ্চারণ প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনবর্ণের বর্গীকরণ বিষয়টি বুঝিয়ে দাও। ১০
- অথবা,
- (খ) বাংলার শব্দভাণ্ডারকে প্রধান ক-টি ভাগে ভাগ করা যায় ও সেগুলি কী কী? তৎসম, অর্ধতৎসম ও তদ্ভব শব্দ বিষয়ে উদাহরণসহ আলোচনা করো। ১+৯
- ২। (ক) নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয়ে উদাহরণসহ আলোচনা করো।
- স্বরাগম, নাসিকীভবন, স্বরসংগতি। ৫+৫
- অথবা,
- (খ) উপভাষা কাকে বলে? বাংলায় উপভাষার সংখ্যা ক-টি? রাঢ়ী উপভাষার তিনটি ধ্বনিতাত্ত্বিক ও তিনটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো। ২+১+৭
- ৩। (ক) বিভক্তি কাকে বলে? বিভক্তি কয়প্রকার ও কী কী? উদাহরণসহ ভাগগুলির আলোচনা করো। ২+২+৬
- অথবা,
- (খ) ক্রিয়ার কাল বলতে কী বোঝায়? বাংলা ব্যাকরণে ক্রিয়ার অতীতকালের ভাগগুলি বুঝিয়ে দাও। ২+৮
- ৪। (ক) মৌলিক ও যৌগিক স্বরধ্বনি কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫
- অথবা,
- (খ) বাংলা শব্দভাণ্ডারে নবগঠিত শব্দ বিষয়ে আলোচনা করো। ৫

৫। (ক) বাংলা ব্যাকরণে ঘোষীভবন ও অঘোষীভবনের প্রক্রিয়া উদাহরণসহ বুঝিয়ে দাও।

৫

অথবা,

(খ) অর্থের অবনতি বা অর্থের অপকর্ষ বলতে কী বোঝায় দৃষ্টান্তসহ বুঝিয়ে বলো।

৫

৬। (ক) বাংলা ব্যাকরণে 'পুরুষ' কয়প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা করো।

৫

অথবা,

(খ) বাংলা সমাসের আলোচনায় 'সমস্ত পদ', 'সমস্যমান পদ' ও 'ব্যাসবাক্য' কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

(ক) ব্যঞ্জনধ্বনির অন্তর্গত অন্তঃস্থ ধ্বনি সম্বন্ধে আলোচনা করো।

(খ) বাংলা ব্যাকরণে ধ্বনি পরিবর্তনের যে-কোনো দুটি কারণ আলোচনা করো।

(গ) টীকা লেখো — ধ্বন্যাঙ্ক অব্যয়।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) একটি বাংলা ঘৃষ্টধ্বনির উদাহরণ দাও।

(খ) আশ্রয়স্থানভাগী ধ্বনির অন্য নাম কী?

(গ) বাংলা ভাষায় স্বর স্বনিম্ন কতগুলি?

(ঘ) 'হরতাল' শব্দটি শব্দভাণ্ডারের কোন শ্রেণির অন্তর্ভুক্ত?

(ঙ) একটি বিদেশি তদ্ভব শব্দের উদাহরণ দাও।

(চ) 'ইঁদারা' শব্দের মূল উৎস শব্দটি লেখো।

(ছ) ব্যঞ্জন দ্বিত্বের একটি উদাহরণ দাও।

(জ) মাছ > মাচ — এটি ব্যাকরণের কোন রীতির উদাহরণ?

(ঝ) তৈল / তেল — শব্দার্থ পরিবর্তনের কোন রীতি এখানে অনুসৃত হয়েছে?

(ঞ) বাংলা ভাষার একটি প্রান্তিক উপভাষার নাম লেখো।

(ট) বিশেষ্যের দ্বিত্ব প্রয়োগে বহুবচনের একটি উদাহরণ দাও।

(ঠ) 'শ্রবণ' শব্দের প্রত্যয় নির্দেশ করো।

(ড) 'রাজর্ষি' শব্দের সমাস নির্ণয় করো।

(ঢ) "রাজকোষ হতে চুরি। ধরে আন চোর" — ক্রিয়ার কাল নির্দেশ করো।

(ণ) "মরি, ও কাহার বাছা," — অব্যয়টির শ্রেণি নির্দেশ করো।